

পরিবার পত্র

প্রিয় ছাত্র/ছাত্রী বন্ধুরা এবং পরিবার পরিজনেরা,

আমাদের পরের অধ্যায় সমীকরণ সমাধানের ব্যাপারে। ভয় পাবেন না — আপনারা অনেক দিন ধরেই সমীকরণ সমাধান করে আসছেন। সমীকরণ একটি নম্বর বিষয়ক বাক্য, যাতে একটি সমান-সমান চিহ্ন থাকে, ও যা বোঝায় দুটি রাশিই এক। এখানে তিনটি উদাহরণ দেওয়া হল :


$$৯ + ৬ = ১৫$$

$$৯ + ৬ = ৫ \times ৩$$


$$৭ + ৮ = ১৮ - ৩$$

আমরা এই অধ্যায়ে দেখব সেইসব সমীকরণগুলি যাতে চলরাশি (অর্থাৎ যে রাশিগুলির বদল ঘটে, ভেরিয়েবেল) ব্যবহার হয় যেমন : $৩ \times n = ১৮$

আপনারা সমীকরণ সমাধানের যে পদ্ধতি শিখবেন তা হল ব্যাকট্র্যাকিং (পিছনে থেকে যুক্তি দিয়ে বিচার)। যেমন ধরা যাক এই সমীকরণটিকে $৪ \cdot n + ৫ = t$ । এই সমীকরণের মাধ্যমে উত্তর (t) খুঁজে পাবার জন্য আমরা শুরু করব (n) নম্বর দিয়ে, তাকে ৪ দিয়ে গুণ করব এবং তাতে ৫ যোগ করব। নিচে ফ্লোচার্টটি এই ধাপগুলি দেখাবে।



নিচে ফ্লোচার্টটি ৩ নম্বরের ইনপুট (শুরুর রাশি) নিয়ে একই ধাপগুলি দেখাচ্ছে :



আপনাদের যদি ২১ কে আউটপুট (উত্তর) হিসাবে পান তবে এই ফ্লোচার্টটি ব্যবহার করে আপনারা পিছনে হিসাব করে জানতে পারবেন যে শুরুর রাশি বা ইনপুট ছিল ৪।

আপনারা দেখবেন যে কিছু সমীকরণ ব্যাকট্র্যাকিং দিয়ে সমাধান করা যাবে না। তাই আপনারা আরেকটি পদ্ধতি শিখবেন গেস-চেক-অ্যান্ড-ইমপ্রুভ।

শব্দাবলী সমীকরণ সমাধান সম্বন্ধিত যে নতুন শব্দগুলি আমরা এখানে শিখব তা হল :

ব্যাকট্র্যাকিং
সমীকরণ
ফ্লোচার্ট

গেস চেক অ্যান্ড ইমপ্রুভ
অসাম্য

মুক্তবাক্য
সমাধান

আপনারা বাড়িতে কী করতে পারেন ?

আপনার ছাত্র/ছাত্রীদের সমীকরণ সমাধানের বিভিন্ন উপায় সম্বন্ধে উৎসাহিত করুন। আপনার এই খেলাটিও খেলতে পারেন — একটি কাগজের টুকরোর উপর সমীকরণ লিখুন ও তা একে অপরের সঙ্গে বদলে নিয়ে একে-অপরের সমীকরণ সমাধান করতে চেষ্টা করুন। সমাধান হয়ে গেলে, কী ভাবে সমাধান করলেন তা নিয়ে পারস্পরিক আলোচনা করুন।